
রণক্ষেত্র টুঙ্গিপাড়া, থানায় আগুন দিল নিষিদ্ধ আ.লীগের নেতাকর্মীরা



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের টুঙ্গিপাড়া থানায় হামলা চালিয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৭ নভেম্বর) সন্ধ্যা ৭টার দিকে নিষিদ্ধ ছাত্রলীগ ও আওয়ামী লীগের নেতাকর্মীরা থানা ঘেরাও করে এ হামলা চালান। রাত ৮টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত সেখানে উত্তেজনা চলছিল।

স্থানীয় সূত্র জানায়, গত ১০ ও ১৫ নভেম্বর নাশকতার ঘটনায় আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মীকে গ্রেপ্তার করে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিদের ছিনিয়ে নিতে সন্ধ্যায় থানাটি ঘেরাও করেন নিষিদ্ধ ছাত্রলীগ ও আওয়ামী লীগের নেতাকর্মীরা। পুলিশ বাধা দিলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ সময় পুলিশ কয়েক রাউন্ড গুলি ছোড়ে।

একপর্যায়ে হামলাকারীদের ধাওয়ায় পুলিশ পিছু হটলে তারা থানার ভেতরে প্রবেশ করে ভাঙচুর ও আগুন ধরিয়ে দেন। এতে পুলিশের কয়েকটি গাড়ি পুড়ে যায়।

ঘটনার বিষয়ে জানতে পুলিশের একাধিক কর্মকর্তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁদের কেউ ফোন ধরেননি।

LENS ASIA